


চতুর্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়ন (২০২২-২০২৩)

নং	কর্মপরিকল্পনা	প্রেক্ষাপট	প্রযুক্তির ব্যবহার
১	হাজিরা পদ্ধতিতে আর্টিফিসিয়াল ইনটেলিজেন্স এর ব্যবহার	বর্তমানে অফিসে প্রচলিত হাজিরা পদ্ধতি হচ্ছে- স্বাক্ষর প্রদান, কার্ড পাঞ্চিং, ফিঞ্জার প্রিন্ট প্রদান ইত্যাদি। স্বাক্ষর প্রদান ও কার্ড পাঞ্চিং এর ক্ষেত্রে একজন ব্যক্তির উপস্থিতি অন্য ব্যক্তির দ্বারা প্রদান করার সুযোগ রয়েছে, অন্যদিকে বয়স কিংবা শারীরিক প্রতিবন্ধকতার (ডক) কারণে ফিঞ্জার প্রিন্টিংয়ের মাধ্যমে উপস্থিতি নিশ্চিত করা অনেক সময় সমস্যা হয়ে থাকে। সেই বিবেচনায়, অধিকতর নিরাপদ পদ্ধতি যেমন- আর্টিফিসিয়াল ইনটেলিজেন্স ব্যবহার করে ফেইস রিকগনিশন পদ্ধতিতে ব্যক্তির স্বয়ং উপস্থিতির মাধ্যমে হাজিরা সুনিশ্চিত করা সম্ভব।	ক্লাউড কম্পিউটিং এবং আর্টিফিসিয়াল ইনটেলিজেন্স
২	সুনির্দিষ্ট নিয়ন্ত্রিত প্রবেশাধিকারের মাধ্যমে গবেষণাগারের নিরাপত্তা ও কর্মপরিবেশ উন্নীতকরণ	সাধারণত সরকারি প্রতিষ্ঠান/ গবেষণাগারগুলোতে বিস্তীর্ণ পরিসরে অবস্থিত থাকে, পাশাপাশি পর্যাপ্ত জনবল না থাকায় সবসময় কর্মস্থলে যথাস্থানে উপস্থিতি নিশ্চিত করা সম্ভব হয় না। নিজ কক্ষ বা কর্মস্থল বাদ দিয়ে অনেক ক্ষেত্রেই অন্যের কক্ষে অবস্থানে দুজন ব্যক্তির ক্ষেত্রেই কর্মঘণ্টার অপচয় হয়। এক্ষেত্রে second tier-এ সকল জোনে ফিঞ্জার প্রিন্টিং ব্যবহারের মাধ্যমে ব্যক্তির নির্দিষ্ট কর্মক্ষেত্রে অবস্থান, যত্রতত্র চলাচল ও প্রবেশাধিকার নিয়ন্ত্রণ এবং কর্মঘণ্টার যথাযথ ব্যবহার সুনিশ্চিত করা সম্ভব।	ক্লাউড কম্পিউটিং এবং আইওটি
৩	গবেষণাগারে রাসায়নিক দ্রব্যাদি এবং রিয়েজেন্ট সমূহের এপস ভিত্তিক (apps based) সর্বোচ্চ ব্যবহার সুনিশ্চিতকরণ	গবেষণাগারের প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্যাদি ও রিয়েজেন্ট ক্রয়ের মাধ্যমে সংগ্রহের পর ল্যাবভিত্তিক বন্টন হয়ে থাকে। এই বন্টনের ক্ষেত্রে, সকল ব্যবহারকারী অবগত হতে পারে, এমন কোন কমন প্ল্যাটফর্মে তথ্য সংরক্ষণ করা হয় না। ফলে একদিকে এসকল তথ্যের প্রাপ্যতা না থাকায় অনেক ক্ষেত্রে রাসায়নিক দ্রব্যাদি ও রিয়েজেন্ট অব্যবহৃত অবস্থায় থাকে এবং পরবর্তীতে মেয়াদ উত্তীর্ণ হয়ে ব্যবহার অনুপযোগী হয়। অন্যদিকে সময়মত কেমিক্যালস ও রিয়েজেন্টের অভাবে অনেক কাজ ব্যাহত হয়। এপস ভিত্তিক (apps based) পদ্ধতি প্রবর্তন করা গেলে সকলের নিকট তথ্য উন্মুক্ত থাকবে, যার মাধ্যমে সংশ্লিষ্ট ব্যক্তি পরীক্ষাগারের রাসায়নিক দ্রব্যাদির যথাযথ ব্যবহার করবে এবং এর ফলে অপচয় রোধ ও অর্থের সাশ্রয় হবে।	ক্লাউড কম্পিউটিং এবং আইওটি

  
ড. মালা খান  
মহাপরিচালক  
(অতিরিক্ত দায়িত্ব)  
৩০.১০.২২